# সমৃদ্ধি বার্তা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর সহায়তায় ও কোস্ট ফাউন্ডেশন পরিচালিত কুতুবদিয়া উপজেলার উত্তর ধূরুং ইউনিয়নে **সমৃদ্ধি** (ENRICH) কর্মসূচির মাসিক প্রকাশনা।

৮ম বর্ষ, ৭৭ তম সংখ্যা — ডিসেম্বর ২০২২

## সমৃদ্ধির সাথে যুক্ত হয়ে সফলতার মুখ দেখছেন নুরুল ইসলাম

সাগরদ্বীপ উপজেলা কুতুবদিয়া উত্তর ধুরং ইউনিয়নে পল্লী র্কম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন এর বাস্তবায়নে সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে উত্তর ধুরং ইউনিয়নের ৫০ টি বাড়ি সমৃদ্ধি করা হয়। উক্ত ইউনিয়নের ৯নং ওয়ার্ডের পাড়া গ্রামে এ রকম ১টি বাড়ির মালিকের নাম নুরুল ইসলাম। তার স্ত্রী রাহেনা বেগম ও ০২ ছেলে ০৩ মেয়ে নিয়ে তার সংসার। তিনি উত্তর ধুরুং ইউনিয়নের ০৯নং ওয়ার্ডের নয়া পাড়ার বাসিন্দা। তার বাড়িটি ২০১৭ সালে কোস্ট ফাউন্ডেশন কতৃর্ক সমৃদ্ধি বাড়ির তালিকাভুক্ত করা হয়। সে সময়ে তার বাড়িতে ০১ টি গরু ছিল। ছাগল, কবুতর, শাকসবজি, ফলজ গাছ,ঔষুধী গাছ তেমন কিছুই ছিল না। সমৃদ্ধি বাড়ি তালিকাভুক্ত করার পর উদ্যোগ উন্নয়ন কর্মকর্তার পরামর্শে সমৃদ্ধি থেকে ফলজ গাছের চারা রোপন করে সঠিক পর্যাবেক্ষণ করতে থাকেন। বর্তমানে তার বাড়িতে গরু না থাকলেও তার বাড়িতে ফলজ চারায় ভরপুর। মৌসুম ভিত্তিক ফলজ গাছ থেকে অনেক ফলমূল পাচ্ছেন। তিনি প্রতি মাসে মৌসুমী ফল বিক্রি করে ৩ থেকে ৪ হাজার টাকা বাড়তি আয় করেন। তাছাড়া তিনি আমাদের মাধ্যমে কোস্ট ফাউন্ডেশন ধূরুং শাখা হতে ইনকাম জেনারেশন একটিভিটি খ্যাত থেকে ১ লক্ষ টাকা ঋন গ্রহন করেন, উক্ত টাকা দিয়ে নতুন করে বয়লার মুরগীল খামার করেন।বর্তমানে বয়লার মুরগী ও মাছ চাষ করে তিনি মাসে ১৫০০০ থেকে ১৬০০০ টাকা আয় করেন। নুরুল ইসলাম জানান, মৌসুম ভিত্তিক ফল, হাস মুরগী, পুকুরে মাছ চাষ থেকে বাড়তি আয়ে তার পরিবারের অনেক খরচ স্ত্রী রাহেনা বেগম নিজে বহন করতে পারছে। তাদের পরিবার জানান অতিরিক্ত আয় তাদের পরিবারের





ছবি সংগ্রহে: মো: রাশেদুল ইসলাম- ১৪/১১/২০২২ ইং

সদস্যদের লেখা পড়ার খরচ বহন করতে সহায়ক হিসাবে ভুমিকা রাখছে। তাছাড়া তার পরিবারের ভিটামিন ও সুষম খাদ্যের ভাল যোগান ও হচ্ছে। সব মিলিয়ে খুব ভালই দিন যাচ্ছে নুরুল ইসলামের পরিবারের। সর্বশেষ তাদের পরিবার ও নুরুল ইসলাম নিজে কোস্ট ফাউন্ডেশনের উদ্যোগ উন্নয়ন কর্মকর্তা- জনাব, ফরিদ উদ্দিনকে সহ কোস্ট পরিবারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

## বাড়ির আঙ্গিনায় স্ট্যাটিক ক্লিনিক হতে সেবা নিয়ে সুস্থ- ফাতেমা আক্তার

সাগরদ্বীপ উপজেলা কুতুবদিয়া উত্তর ধুরং ইউনিয়নে পল্লী র্কম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন এর বাস্তবায়নে সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়িত ১নং উত্তর ধূরুং ইউনিয়নের মুছা সিরাজ পাড়া ৩নং ওয়ার্ডে বসবাস করেন ফাতেমা আক্তার (৩২) বছর বয়স। তাহার ১ ছেলে ২ মেয়ে সহ মিলে মোট ৫ জন সদস্য নিয়ে তাহার পরিবার। তাহার ১ মেয়ে বর্তমানে ১ম মেয়ে ৫ম শ্রেণীতে এবং ছোট মেয়ে ২য় শ্রেণীতে অধ্যয়নরত রয়েছেন, ছেলে সন্তানটি এখনো ছোট ৩ বছর চলমান রয়েছে। একমাত্র স্বামী জাহাঙ্গীর আলম- তিনিই আয়ের উৎস। একমাত্র তাহার আয়ের উপর সংসারের যাবতীয় খরছ চালিয়ে শিক্ষা, চিকিৎসার খরচ বহন করতে হিমশিম খেয়ে যায়। যার কারনে অনেক সময় দেখা যায়



ছবি সংগ্রহে: কামরুন আক্তার- ১৬/১১/২০২২ ইং

পরিবারের কেউ অসুস্থ হলে এলাকার দোকান থেকে ঔষুধ সেবন করে জীবন পরিচালনা করতে হয়। দেখা যায় স্থানীয় দোকান থেকে ঔষুধ সেবনে কোন সুফল না পেয়ে, মুছা সিরাজ পাড়া গ্রামের আমাদের স্বাস্থ্য পরির্দশক কামরুন আক্তার খানা পরির্দশনে গেলে জাহাঙ্গীর আলমের পরিবারসহ অনেকে অসুস্থার খবর পাওয়া যায়। তাই

স্বাস্থ্য পরিদর্শিকার পরার্মশে উক্ত এলাকায় স্ট্যাটিক ক্লিনিক আয়োজন করা হয়। ফাতেমা আক্তার নিজে শারিরীক অসুস্থার বিষয় জানান ৪ দিন যাবৎ অসুস্থ হয়ে পড়ে আছেন। তাহার থেকে জানতে চাইলে তিনি জানান ভালো কোন ডাক্তার দেখায়নি, তিনি নিজে স্থানীয় ঔষুধের, দোকানে থেকে কিছু ঔষুধ নিয়ে সেবন করে বলে জানান, এতে শারীরিক কোন উন্নতি না হলে, অভাবের সংসারে নিত্যদিনের খরচ মিঠিয়ে ভালো কোন ডাক্তার দেখাতে না পেরে অসুস্থ অবস্থায় খুব বেশী চিন্তিত হয়ে পড়েন। এই সময় কোস্ট ফাউন্ডেশন সমৃদ্ধি কর্মসূচির ৩নং ওয়ার্ডে স্বাস্থ্য পরিদর্শক- কামরুন আকতার- তাহাকে আমাদের কোস্ট ফাউন্ডেশন পরিচালিত স্ট্যাটিক ক্লিনিকে যাওয়ার পরার্মশ দেন। পরার্মশ অনুযায়ী ফাতেমা আক্তার গত ১৬ই নভেম্বর ২০২২ ইং তারিখ যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক আমাদের স্বাস্থ্য কর্মকর্তা শুভদাশ তাহাকে দেখে কিছু ঔষুধ ও পরার্মশ মূলক চিকিৎসা সেবা প্রদান করেন। এবং আমাদের থেকে কিছু ফ্রি ঔষুধ প্রদান করা হয়। গত ২৪/১১/২০২২ ইং তারিখ তাদের এলাকায় খানা পরির্দশন করতে গিয়ে, অসুস্থ ফাতেমা আক্তার এর শারীরিক অবস্থার খবর নেওয়া হয়। খবর নিয়ে দেখা যায় তাহারা চিকিৎসকের পরামর্শ অনুযায়ি নিয়মিত ঔষুধ সেবনে সুস্থ হয়ে ওঠেন। চিকিৎসা সেবা নিয়ে সন্তুষ্ট হয়ে কোস্ট ফাউন্ডেশন এর প্রতি এবং স্বাস্থ্য পরিদর্শক কামরুন আকতার এর প্রতি কৃতজ্ঞা প্রকাশ করেন।

## স্যাটেলাইট হতে চিকিৎসা সেবা নিয়ে সুস্থ তানিয়া জান্নাত (৮)

সাগরদ্বীপ উপজেলা কুতুবদিয়া উত্তর ধুরং ইউনিয়নে পল্লী র্কম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন এর বাস্তবায়নে সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়িত ১নং উত্তর ধূরুং ইউনিয়নের চাদের ঘোনা ৪নং ওয়ার্ডে বসবাস করেন তানিয়া জান্নাত (৮) বছর বয়স। তাহার পিতা মো: ইব্রাহিম সে একজন দিন মজুর কাজ করে সংসার পরিচালনা করেন। তাদের সংসারে সহ ১ ছেলে ১ মেয়ে সহ মিলে ৪ জন সদস্য নিয়ে তাহার পরিবার। তাহার ১ মাত্র মেয়ে তিনি ২য় শ্রেণীতে অধ্যয়নরত রয়েছেন। একমাত্র ছেলের বয়স মাত্র ৪ বছর চলমান। তাহার পিতাই একমাত্র স্বামী আয়ের উৎস। একমাত্র তাহার আয়ের উপর সংসারের




ছবি সংগ্রহে: মো: দিদারুল ইসলাম- ১০/১১/২০২২ ইং

যাবতীয় খরছ চালিয়ে শিক্ষা, চিকিৎসার খরচ বহন করতে হিমশিম খেয়ে যায়। যার কারনে অনেক সময় দেখা যায় পরিবারের কেউ অসুস্থ হলে এলাকার দোকান থেকে ঔষুধ সেবন করে জীবন পরিচালনা করতে হয়। দেখা যায় স্থানীয় দোকান থেকে ঔষুধ সেবনে কোন সুফল না পেয়ে জহির আলী সিকদার পাড়া গ্রামের আমাদের স্বাস্থ্য পরিদর্শক জোসনা আরা খানা পরিদর্শনে গেলে তানিয়া জান্নাতের শারীরিক অসুস্থ খবর জানতে পারেন, তাহার শারীরিক অসুস্ততার বিষয় বলেন প্রায় ১সপ্তাহ যাবৎ অসুসু্থ হয়ে পড়ে আছেন। তার মা তাহারা বেগম থেকে জানতে চাইলে তিনি জানান ভালো কোন ডাক্তার দেখায়নি, তিনি স্বামীকে দিয়ে স্থানীয় ঔষুধের দোকানে থেকে কিছু ঔষুধ নিয়ে সেবন করে বলে জানান, এতে শারীরিক কোন উন্নতি না হলে, অভাবের সংসারে নিত্যদিনের খরচ মিঠিয়ে ভালো কোন ডাক্তার দেখাতে না পেরে অসুস্থ অবস্থায় খুব বেশী চিন্তিত হয়ে পড়েন। এই সময় কোস্ট ফাউন্ডেশন সমৃদ্ধি কর্মসূচির ৪নং ওয়ার্ডে স্বাস্থ্য পরিদর্শক- জোসনা আরা- তাহাকে আমাদের কোস্ট ফাউন্ডেশন (এমবিবিএস) চিকিৎসকের দ্বারা পরিচালিত ফ্রি স্যাটেলাইট ক্লিনিকে যাওয়ার পরার্মশ দেন। পরার্মশ অনুযায়ী গত ১০ই নভেম্বর ২০২২ ইং তারিখ যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক ডা: হোসাইন মোহাম্মদ জুনাইদ আনসারি তাহাকে দেখে কিছু ঔষুধ ও পরার্মশ মূলক চিকিৎসা সেবা প্রদান করেন। গত ২৮/১১/২০২২ ইং তারিখ তাদের এলাকায় খানা পরির্দশন করতে গিয়ে, অসুস্থ তানিয়া জান্নাত এর শারীরিক অবস্থার খবর নেওয়া হয়। খবর নিয়ে দেখা যায় তাহারা চিকিৎসকের পরামর্শ অনুযায়ি নিয়মিত ঔষুধ সেবনে সুস্থ হয়ে ওঠেন। চিকিৎসা সেবা নিয়ে সন্তুষ্ট হয়ে কোস্ট ফাউন্ডেশন এর প্রতি এবং স্বাস্থ্য পরিদর্শক জোসনা আরার এর প্রতি কৃতজ্ঞা প্রকাশ করেন।

আমাদের সাথে যোগাযোগ করুন সমৃদ্ধি টিমের পক্ষে । মো: দিদারুল ইসলাম, সমৃদ্ধি-কর্মসূচি সমন্বয়কারী মোবাইল-০১৭১৩-৩৬৭৪৪২ কর্মসূচি বাস্তবায়ন কার্যালয়- ১নং উত্তর ধূরুং ইউনিয়ন পরিষদ, ৩য় তলা, কুতুবদিয়া, কক্সবাজার। didarmd@coastbd.net, web- www.coastbd.net
**COAST Has Special Consultative Status With UN ECOSOC**